



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।  
পরিধারণ বিভাগ

Phone- 9550505  
email:dgmicd@krishibank.org.bd

প্রকা/পরিবি/প্রশা-৪২/২০১৯-২০২০/৪২(৩)

তারিখঃ ০৯/০৭/২০১৯

- ১। উপ-মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। সকল উপ-মহাব্যবস্থাপক  
কর্পোরেট শাখাসমূহ।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।  
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।

তাগিদপত্র-১

বিষয়ঃ জাল-জালিয়াতি/প্রতারণামূলক কার্যক্রম প্রতিরোধের জন্য ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জুন/২০১৯ ভিত্তিক  
ষাণ্মাসিক (Self Assessment of Anti Fraud Internal Controls) প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১৮/০৬/২০১৯ তারিখের পত্র নং প্রকা/অনিবি/প্রশা-৪২/২০১৮-২০১৯/১০৫৩(১১০০) এবং  
০৪/০৭/২০১৯ তারিখের পত্র নং প্রকা/অনিবি-৪৪/২০১৮-২০১৯/২৪(৫৮) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।


০২। বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ডিওএস সার্কুলার লেটার নং ১০ তারিখ ০৯/০৫/২০১৭ এ  
উল্লেখিত পরিবর্তিত ৭৮ কলাম ও ১৩ কলাম (২টি জাল-জালিয়াতি সংক্রান্ত একটি প্রথম থেকে শেষ সময়কাল পর্যন্ত এবং অন্যটি সর্বশেষ  
ষাণ্মাসিক সময়ের) এর Self Assessment of Anti Fraud Internal Controls ষাণ্মাসিক প্রতিবেদন ষাণ্মাস শেষে পরবর্তী এক  
মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের উক্ত বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। উল্লেখিত পরিবর্তিত সার্কুলার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক  
বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে ০৯/০৮/২০১৭ তারিখে আপলোড করা হয়েছে (সার্কুলার আইডি-৪০১৩)। সময়মত প্রতিবেদন  
বাংলাদেশ ব্যাংকে প্রেরণের উপর অত্র ব্যাংকের ভাবমূর্তি জড়িত। এছাড়া বাংলাদেশ ব্যাংকে বিলম্বে প্রতিবেদন প্রেরণ করা হলে ব্যাংক  
ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বাংলাদেশ ব্যাংকের নিকট জবাবদিহি করতে হয়। তাই ব্যাংক ব্যবস্থাপনা বিষয়টি কঠোর নজরদারিতে রাখেন।

০৩। ১৮/০৬/২০১৯ তারিখে প্রেরিত পত্রানুযায়ী জানুয়ারী/২০১৯ থেকে জুন/২০১৯ ভিত্তিক ষাণ্মাসিক প্রতিবেদন অত্র বিভাগে  
০৭/০৭/২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও আপনাদের কার্যালয় হতে প্রতিবেদন অদ্যাবধি অত্র বিভাগে প্রেরণ  
করা হয়নি। যা অত্যন্ত দুঃখজনক এবং কর্তৃপক্ষের নির্দেশনা অবমাননার সামিল। ইতোমধ্যে ২৭/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত আইসিসির  
৩৪তম সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে প্রেরণের  
ব্যর্থতার প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। এমতাবস্থায়, অতিশীঘ্রই জুন/২০১৯ ভিত্তিক ষাণ্মাসিক বিবরণী জরুরী ভিত্তিতে শাখা থেকে সংগ্রহপূর্বক সমন্বিত প্রতিবেদন  
১১/০৭/২০১৯ তারিখের মধ্যে পরিধারণ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,

  
(মুহম্মুন নাহার নাজ)।  
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার  
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। নথি মহানথি।